

ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি)
আইসিএমএ ভবন, নীলক্ষেত, ঢাকা-১২০৫
প্রকিউরমেন্ট সেকশন
www.icmab.gov.bd

নম্বর: ২৬.৯৯.০০০০.০০৪.১০.০০৩.২৪.৫১

তারিখ: ১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: দরপত্র আহবানের বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) এর জন্য নিম্নবর্ণিত সামগ্রী মুদ্রণ ও সরবরাহের জন্য দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে সীলমোহরকৃত দরপত্রে (নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক) দর আহবান করা হচ্ছে। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ
1.	Store Ledger Sheet	500 nos.
2.	Additional Answer Scrip	11,000 nos.
3.	Answer script 'Accounting' (Blue)	10,000 nos.
4.	Answer script 'Theory' (White)	7,500 nos.

শর্তাবলী:

- ১। বিস্তারিত বিবরণ সম্বলিত দরপত্র অত্র ইনস্টিটিউটের প্রশাসন বিভাগ-এর প্রকিউরমেন্ট শাখা হতে সংগ্রহ করা যাবে;
- ২। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ১৭/০১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত জমা দেয়া যাবে;
- ৩। দরপত্রের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের কপি দাখিল করতে হবে;
- ৪। সরবরাহকৃত সামগ্রী সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে নির্ধারিত বিবরণ ও সংখ্যা যাচাই করে গ্রহণ করা হবে;
- ৫। সরবরাহকৃত সামগ্রীতে কোনো প্রকার সমস্যা/ত্রুটি দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুনভাবে সরবরাহ করতে হবে, এ জন্য নতুন কোনো বিল দাবী করা যাবে না;
- ৬। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি দরপত্র দিলে বিকল্প দর প্রদান করতে পারবে না;
- ৭। বর্ণিত সরবরাহের কাজ সম্পাদন করে বিল পরিশোধের জন্য ০২ (দুই) কপি চালান ও বিল (মূল কপি) দাখিল করতে হবে;
- ৮। প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্য বিল থেকে আয়কর ও ভ্যাটসহ অন্যান্য চার্জ প্রযোজ্য হারে কর্তন পূর্বক অর্থ ও হিসাব বিভাগ-এর মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে; এবং
- ৯। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা আইসিএমএবি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

১৫-০১-২০২৪
মোহাম্মদ আবদুর রহিম মাহমুদ
উপ পরিচালক

বিভিন্ন জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, আইসিএমএবি এবং
- ২। সিস্টেম এনালিস্ট, আইসিটি ডিপার্টমেন্ট, আইসিএমএবি।

